দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 JAN 2010
পৃষ্ঠা ১ কলাম ১

# ৫১ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৪৮টির অনুমোদনের মেয়াদ শেষ

## বর্তমান মন্ত্রিসভার ৩১৭ সিদ্ধান্তের ২৩৮টি বাস্তবায়িত

■ ইত্তেফাক রিপোর্ট

আওয়ামী লীগ সরকারের মন্ত্রিসভায় নেয়া সিদ্ধান্তগুলোর মধ্যে ২৩৮টি বাস্তবায়ন হয়েছে এবং ৭৯টি হয়নি। মন্ত্রিসভায় ৮৯টি আইন অনুমোদন করা হয়েছে, যার মধ্যে সংসদে ৬৬টি আইন পাস হয়েছে। ১৩টি আইন বিবেচনাধীন ও ১০টি প্রক্রিয়াধীন আছে।

সোমবার মন্ত্রিসভার ৫৪তম বৈঠকে ইতিপূর্বে মন্ত্রিসভা বৈঠকে নেয়া সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) প্রতিবেদন পেশ করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে সচিবালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ তথ্য অধিদফতরে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি বলেন, ২০০৯ সালে ৫০টি মন্ত্রিসভার বৈঠকে ৩১৭টি সিদ্ধান্ত নেয়া হয়। আবুল কালাম আজাদ জানান, প্রধানমন্ত্রী সব সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের আন্তরিক হওয়ার আহ্বান জানিয়েছেন। কর্মকর্তাদের ☞ এরপর পৃষ্ঠা ২, কলাম ৮

## ৫১ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের

প্রথম পৃষ্ঠার পর

উদ্দেশে তিনি বলেন, কোনো সিদ্ধান্তের ফাইল যেন আটকে না থাকে। আমরা এক মুহূর্ত সময় নষ্ট করতে চাই না।

বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০০৯-এর চূড়ান্ত অনুমোদন দেয়া হয়েছে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ বলেন, মোট ৫১ টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ৪৩টির অনুমোদন গত বছর শেষ হয়েছে। ৫টির বৈধতার মেয়াদ শেষ হয়েছে আরো ১০ বছর আগে। বাকি তিনটির অনুমোদন আছে।

বেসরকারি ৫১টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটিরও স্থায়ী অনুমোদন নেই। ১০ বছর আগে বৈধতার মেয়াদ শেষ হওয়া পাঁচটি বিশ্ববিদ্যালয় হল, নর্থ সাউথ, ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, ইন্ডিপেন্ডেন্ট, দারুল ইহসান এবং ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি। গত বছর যে ৪৩টির মেয়াদ শেষ হয়েছে সেগুলো হলো: আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, আহসানউল্লা ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ, ইস্ট ওয়েস্ট, ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক, গণবিশ্ববিদ্যালয়, দ্য পিপলস, ঢাকা ইন্টারন্যাশনাল, ব্র্যাক, মানারাত, বাংলাদেশ ইউনিভার্সিটি, লিডিং ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ, স্টামফোর্ড, বেগম গুল চেমন আরা ট্রাস্ট (বিজিসি), প্রিমিয়ার, সিলেট ইন্টারন্যাশনাল? সাউথ ইস্ট, ড্যাফোডিল, স্টেট, ইবাইস, সিটি, প্রাইম, নর্দান, সাউদার্ন, গ্রিন, ওয়ার্ল্ড, শান্তা মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ, দ্য মিলেনিয়াম, ইস্টার্ন, বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি, মেট্রোপলিটন, ইউনাইটেড ইন্টারন্যাশনাল, উত্তরা, ভিক্টোরিয়া, সাউথ এশিয়া, প্রেসিডেন্সি, ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এন্ড সায়েন্সেস, প্রাইম এশিয়া, রয়্যাল ইউনিভার্সিটি অব ঢাকা, ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস বাংলাদেশ এবং অতীশ দীপঙ্কর বিজনেস ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

মন্ত্রিসভা এসিড নিয়ন্ত্রণ (সংশোধন) আইন ২০০৯ সংক্রান্ত খসড়া প্রস্তাবটি অনুমোদন করেছে। ২০০২ সালে প্রথম এসিড অপব্যবহার রোধে ২২ সদস্যের একটি কাউন্সিল গঠন করা হয়। পরবর্তীতে ২০০৭ সালে এটি অধ্যাদেশ আকারে জারি করা হয়।

সরকারি দফতর, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনের চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধাদের কোটা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলেছেন প্রধানমন্ত্রী। মুক্তিযোদ্ধাদের সাথে প্রতিবন্ধী ও নারী কোটা যথাযথভাবে অনুসরণ করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেয়া হয়।